ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে




মেয়েকে কোন মূল্যবোধে গড়ে তুলতে চান অভিষেক

পৃ 7



দলে আছেন, তবে চ্যাম্পিয়ন্স ট্রফিতে কি মাঠে নামতে পারবেন বুমরাহ

পৃ 8


Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০২৭ ● কলকাতা ● ১৪ মাঘ, ১৪৩১ ● মঙ্গলবার ● ২৮ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা


## দিল্লি বিধানসভা নির্বাচনে ভোট প্রচারে এবার বঙ্গ বিজেপি নেতারা যাচ্ছে



**বেবি চক্রবর্ত্তী: দিল্লী**

আর দিন কয়েক পরই দিল্লি বিধানসভা নির্বাচন। এবার লড়াই হবে হাড্ডাহাড্ডি। শাসক দল আম আদমি পার্টির সঙ্গে কেন্দ্রের শাসক বিজেপির লড়াই ইতিমধ্যেই জমে উঠেছে। এবার দিল্লির নেতাদের হয়ে প্রচারে যাচ্ছেন বঙ্গ বিজেপির নেতৃত্বরা। বিজেপি নেতা রমেশ বিধুরি হয়ে ভোট প্রচারে যাচ্ছেন লকেট চট্টোপাধ্যায়।শনিবার দিল্লির কলকাজি

এরপর ৩ পৃষ্ঠায়


## মমতার চ্যালেঞ্জ গ্রহণ করে রাজনীতিতে আসার পথে কার্তিক মহারাজ,



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে রাজনীতিতে আসার আহ্বান জানিয়ে মমতা বন্দ্যোপাধ্যায়ের কাছে ওয়াটারলু হয়েছে তমলুক। এবার কি রাজ্যের আরও এক আসনে একই পরিণতি হতে চলেছে তাঁর। কারণ মুখ্যমন্ত্রীর চ্যালেঞ্জ গ্রহণ করে রাজনীতিতে আসার ইঙ্গিত দিয়েছেন সদ্য পদ্মশ্রী সম্মান প্রাপ্ত সন্ন্যাসী স্বামী প্রদীপ্তানন্দ ওরফে কার্তিক মহারাজ।এর আগে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কেও একই রকম চ্যালেঞ্জ ছুড়েছিল তৃণমূল। লোকসভা নির্বাচনের আগে বিচারপতির পদে ইস্তফা দিয়ে বিজেপিতে যোগদান করেন অভিজিৎ গঙ্গোপাধ্যায়। তাঁকে তমলুক আসন থেকে প্রার্থী করেন শুভেন্দু অধিকারী। সেই আসনে দলের সোশ্যাল মিডিয়া সেলের প্রধান দেবাংশু ভট্টাচার্যকে প্রার্থী করে তৃণমূল। ভোটের ফল প্রকাশ হলে দেখা যায় অভিজিৎবাবুর কাছে শোচনীয় পরাজয় হয়েছে

এরপর ৫ পাতায়




# ডায়মণ্ড হারবার ঋষি অরবিন্দ উদ্যানে ঐতিহ্যবাহী গুণীজন সংবর্ধনা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

দক্ষিণ চব্বিশ পরগণা জেলা সংস্কৃতি পরিষদ বিগত পঞ্চাশ বছরের বেশি সময় ধরে ২৬ শে জানুয়ারী যথাযথ মর্যাদায় সাধারণতন্ত্র দিবস উদযাপন করে আসছে। একই সঙ্গে জেলার বিভিন্ন বিষয়ে কৃতী গুণী ব্যক্তিদের সংবর্ধনা জানানোর রীতিও চলে আসছে ১৯৭৬ সাল থেকে। এবারও তা নিয়মানুবর্তিতার সঙ্গে বজায় ছিল। স্বাধীনতা সংগ্রামের বীর শহীদদের স্মরণে নির্মিত স্থায়ী শহীদ স্তম্ভে সকালে ফুল ও জাতীয় মনীষিদের প্রতিকৃতিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়। বিকালে আলোচনা সভা ও গুণীজন সংবর্ধনা অনুষ্ঠিত হয়। সরিষা রামকৃষ্ণ মিশন বেসিক ট্রেনিং কলেজের প্রাক্তন অধ্যক্ষা ও পরিষদের আচার্য গায়ত্রী যতি এই সভায় পৌরোহিত্য করেন।

সভার শুরুতে দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন স্বরবিতানের শিল্পীরা। স্বাগত ভাষণ দেন পরিষদের সভাপতি অধ্যাপক মাধাই বৈদ্য। সাধারণতন্ত্র দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে মনোগ্রাহী বক্তব্য পেশ করেন বিশিষ্ট শিক্ষাবিদ কামদেব শাসমল। ভারতীয় গণতন্ত্রে সংবিধানের ভূমিকার কথা তিনি বিশেষ ভাবে আলোচনা করেন।একই সঙ্গে ভারতীয় সংস্কৃতি ও জাতীয় চেতনা বিস্তারে দক্ষিণ চব্বিশ পরগণা জেলা সংস্কৃতি পরিষদের নানাবিধ কর্মকাণ্ডের উল্লেখ করেন। সাধারণ সম্পাদক তপনকান্তি মণ্ডল তাঁর প্রতিবেদনে সংস্কৃতি পরিষদের মূল উদ্দেশ্য ও কর্মসূচির কথা উল্লেখ করেন। তিনি বলেন যে, অবহেলিত দক্ষিণ চব্বিশ পরগণা জেলার স্বাধীনতা সংগ্রামের ইতিহাস সহ পুরাকীর্তি, প্রত্নতত্ত্ব, সাহিত্য সংস্কৃতি চর্চা ও জনজীবনের ইতিহাস আলাদা ভাবে পাওয়া যায় না। এই বিষয়গুলি চর্চার মাধ্যমে জেলার মানোন্নয়ন ও মর্যাদা বৃদ্ধির লক্ষ্যে পরিষদ প্রথম থেকেই কাজ করে যাচ্ছে। জেলা বিভাজন, এমনকি সুন্দরবনের উন্নয়নে এই পরিষদের ভূমিকা থেকে গেছে। জেলার বিভিন্ন বিষয়ে কৃতী গুণী ব্যক্তিদের সংবর্ধনা জানানোর রীতি চলে আসছে ১৯৭৬ সাল থেকে। সংস্কৃতি পরিষদের এই কর্মসূচি জেলার মধ্যে ঐতিহ্যবাহী অনুষ্ঠান রূপে পরিণতি লাভ করেছে। সভায় অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন খ্যাতনামা কথা সাহিত্যিক ঝড়েশ্বর চট্টোপাধ্যায়, বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক দিগ্বিজয় চৌধুরী, বিধায়ক পান্নালাল হালদার প্রমুখ।

এবারের সংবর্ধিত ব্যক্তিরা হলেন জাতীয়তাবাদী কর্মী বঙ্কিমচন্দ্র হালদার (গঙ্গাধর হালদার পদক ), জেলার কৃতী সাংবাদিক ও দৈনিক সুখবর পত্রিকার সম্পাদক শমীক স্বপন ঘোষকে (সাংবাদিক অনল মণ্ডল পদক), বিশিষ্ট কবি সুশীল মণ্ডলকে (পণ্ডিত মহেন্দ্রনাথ তত্ত্বনিধি পদক ), সঙ্গীত ও নৃত্য শিল্পী মানস শঙ্কর বন্দ্যোপাধ্যায়কে (অনুরূপা দেবী পদক), সুন্দরবন গবেষক ডঃ বিনোদ সরদারকে (প্রিয়নাথ যতি পদক), সফল ক্রীড়াবিদ সুবল সরদার (জগদীশ-যমুনা হালদার পদক ) এবং আদর্শ স্বেচ্ছাসেবী সংস্থা বেহালা দৃষ্টিহীন শিল্পনিকেতন (শহীদ আশুতোষ দলুই পদক) ও মানপত্র দিয়ে সংবর্ধনা জানানো হয়।

# সীমান্ত সুরক্ষায় বিএসএফ-কে জমি দিল রাজ্য



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সীমান্ত সুরক্ষায় বিএসএফ-কে জমি দিল রাজ্য। সোমবারের বৈঠকে জমি দেওয়ার সিদ্ধান্তে সিলমোহর দেয় মন্ত্রিসভা, এমনই খবর সূত্রের। বৈঠকে ঠিক হয়েছে নদিয়ার করিমপুরে ০.৯ একর জমি দেওয়া হবে সীমান্ত সুরক্ষা বাহিনীকে। সেখানে আউট পোস্ট তৈরি হতে পারে আবার সীমান্তে বেড়া দেওয়ার কাজও করা হতে পারে।জানা গিয়েছে, বিএসএফ রাজ্যকে জানিয়েছিল সীমান্ত সুরক্ষার জন্য তাদের জমি প্রয়োজন। জমি না পেলে কাজে সমস্যা হচ্ছে বলে রাজ্যকে জানিয়েছিল তারা। বিষয়টি নিয়ে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে আলোচনা হয়। সূত্রের খবর, এদিন রাজ্য মন্ত্রিসভায় সেই আবেদন অনুমোদিত হয়েছে। জমি দেওয়া হচ্ছে নদিয়ার করিমপুরে। তবে এ বিষয়ে এখনও বিএসএফের তরফে কোনও প্রতিক্রিয়া মেলেনি।




# গড়িয়া আজটকস টুর্নামেন্টে মহোৎসবে পরিণত হল

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

সম্প্রতি গড়িয়া এন.এস কেউকেশিন ক্যারাটে টাটা কাইক্যান এর উদ্যোগে ১ম ইন্টার ডো. জো ক্যারাটে চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়। এই টুর্নামেন্টে সারাদিনব্যাপী অংশ নেন দেশের বিভিন্ন প্রান্তের প্রতিনিধিগণ। বিশিষ্ট সমাজসেবী সিহান নির্মল সাহা, সেনসি পরিমল দে , দেবাশীষ মন্ডল, প্রদীপ কর্মকার, শেখ সফিউল ইসলাম, বুদ্ধদেব বোস, শেখ সইফুদ্দিন, গোবিন্দ



বোস, সায়নদীপ সাহা, অমিত মাইতি ও অঙ্কিত সাহা এছাড়াও অন্যান্য আধিকারিকগনের আন্তরিক উদ্যোগে প্রায় ২০০ প্রতিনিধিদের যোগদানে টুর্নামেন্টেটি সফল হয়। এই টুর্নামেন্টে শেষে সাংবাদিকদের আয়োজককারী দের পক্ষ থেকে সিহান নির্মল সাহা জানান যে সাম্প্রতিক বেশ কিছু ঘটনার পরিপ্রেক্ষিতে মহিলাদের ক্যারাটে শেখার প্রয়োজনীয়তা আছে। পাশাপাশি এধরনের টুর্নামেন্টের মাধ্যমে আগামীদিনে মহিলা এতে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করলে আমাদের উদ্যোগ সফলতার মুখ দেখতে পাবে বলে আশা করা যায়।



(১ম পাতার পর)

# দিল্লি বিধানসভা নির্বাচনে ভোট প্রচারে এবার বঙ্গ বিজেপি নেতারা যাচ্ছে

গোবিন্দপুরীতে রমেশ বিধুরির সমর্থনে জনসভা ও দলীয় বৈঠক করেন হুগলির প্রাক্তন সাংসদ লকেট চট্টোপাধ্যায় ।দিল্লির বর্তমান মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বিজেপির প্রার্থী হয়েছেন রমেশ বিধুরি। নানা বিতর্কিত মন্তব্য করে বারবার খবরের শিরোনামে এসেছেন তিনি। তাঁকেই দিল্লির মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে প্রার্থী করেছে পদ্ম শিবির। প্রার্থী হওয়ার পর অতিশি ও তাঁর পরিবারের বিরুদ্ধেও নানা বিতর্কিত মন্তব্য করেছেন তিনি। এবার সেই রমেশ বিধুরির হয়ে ভোটপ্রচারে বঙ্গ বিজেপির সাধারণ সম্পাদক লকেট। দিল্লির ভোট প্রচারে যাওয়ার কথা শুভেন্দু অধিকারীরও। আগামী ২৯ ও ৩০ জানুয়ারি দিল্লি যেতে পারেন শুভেন্দু। লকেট ছাড়াও বঙ্গ বিজেপির আরেক মহিলা মুখ অগ্নিমিত্রা পলেরও দিল্লি বিধানসভা ভোটে দলের হয়ে প্রচারে যাওয়ার কথা রয়েছে বলেই খবর।

# পথ নিরাপত্তা সপ্তাহ শুভ সূচনা হল চুঁচুড়া ঘড়ির মোড়ে উপস্থিত ছিলেন চন্দনগর পুলিশ কমিশনার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**হুগলী :-** পথ নিরাপত্তা সপ্তাহ কর্মসূচির শুভ সূচনা হলো সোমবার।এই উপলক্ষ্যে চুঁচুড়া ঘড়ির মোড়ে, নানা রকম সংস্কৃতি অনুষ্ঠান এবং পথনাটিকা হয়।পথ নিরাপত্তা সপ্তাহের সূচনা করেন চন্দননগর পুলিশ কমিশনার অমিত পি জাভালগি।ছিলেন ডিসিপি হেডকোয়ার্টার ঈশানি পাল, ডিসিপি শ্রীরামপুর অর্ণব বিশ্বাস, ডিসিপি চন্দননগর অলকানন্দা ভাওয়াল, এডিসিপি ট্রাফিক দেবাশিস সরকার, এসিপি ডিডি সুমন বন্দ্যোপাধ্যায়, ট্রাফিক ইন্সপেক্টর মানদাত্তা সাউ ও পুলিশ কর্মীরা।অনুষ্ঠানে চন্দননগর পুলিশের পক্ষ থেকে ট্রাফিক ইয়ার বুক প্রকাশ করা হয়। কিভাবে দুর্ঘটনা এড়ানো গেছে এই বই প্রকাশের মধ্য দিয়ে তুলে ধরা হয়। এরপর বেনার ও ট্যাবলো নিয়ে




পরিক্রমা হয় এই পরিক্রমাতে পুলিশ প্রশাসনের পাশাপাশি শহরের বিভিন্ন বিদ্যালয় ছাত্র-ছাত্রীরা সতর্কতামূলক প্রচারে নামেন।চন্দননগর পুলিশ কমিশনার জানান দিল্লি রোডে আলো লাগানো হয়েছে মানুষের সুবিধার্থে। একই সঙ্গে চুঁচুড়া ও চন্দননগরে ট্রাফিক বিভাগের যারা গত ২০২৪ সালে ভালো কাজ করেছেন তাদের প্রত্যেককে সম্বর্ধনা দেওয়া হয়। চন্দননগর পুলিশ কমিশনার অমিত পি জাবালগী বলেন এই সেভ ড্রাইভ সেভ লাইফ এর নানা রকম প্রচারের মধ্য দিয়ে বহুদূর ঘটনা এনোনো গেছে চন্দনগর কমিশনার এলাকায়।


# ড. ইউনূসকে শুভেচ্ছা জানালেন নরেন্দ্র মোদি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে নতুন বছর ২০২৫ উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

আজ সোমবার বিষয়টি নিশ্চিত করেছেন প্রধান উপদেষ্টার উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ মজুমদার।

তিনি উল্লেখ করেছেন, এই শুভেচ্ছা বার্তার চিঠি কূটনৈতিক চ্যানেলের





মাধ্যমে এসেছে।

নরেন্দ্র মোদি চিঠিতে অধ্যাপক ড. ইউনূসকে লিখেছেন 'নতুন বছরের শুভেচ্ছা'।

এর আগে গত ৮ আগস্ট বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নেওয়া ড. মুহাম্মদ ইউনূসকে শুভকামনা জানান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

তখন সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে এক পোস্টে নরেন্দ্র মোদি লিখেছিলেন, 'নতুন দায়িত্ব গ্রহণ করা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে শুভ কামনা জানাচ্ছি। বাংলাদেশে খুব দ্রুত স্বাভাবিক পরিবেশ ফিরে আসবে।'

# সঞ্জয়ের হয়ে আদালতে লড়তে চলেছেন নতুন আইনজীবী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা** :-আরজি কর মামলায় দোষী সাব্যস্ত সঞ্জয় রায়কে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন শিয়ালহ আদালতের ফার্স্ট জাজ অনির্বাণ দাস। সঞ্জয়ের সর্বোচ্চ সাজার দাবিতে যখন সোচ্চার গোটা দেশ-বাংলা, তখন নিজের পর্যবেক্ষণ স্পষ্ট করেছিলেন বিচারক। তাঁর পর্যবেক্ষণ ছিল, এই ঘটনা বিরলের মধ্যে বিরলতম নয়।ঠিক এই যুক্তিটাই কামড়ে ধরে পড়েছিলেন সঞ্জয়ের পক্ষে লিগাল এইড নিযুক্ত দুই মহিলা আইনজীবী। এরপর এই রায়কে চ্যালেঞ্জ করে হাইকোর্টে যায় রাজ্য।সোমবার যখন হাইকোর্টে মামলার শুনানি চলছিল, তখনই জানা যায়, যশ জানায় তাঁর হয়ে মামলা লড়ুক, তা চান না সঞ্জয়। লিগাল এইডের পক্ষ থেকে এই মামলা লড়া হবে বলে জানিয়ে দেন বিচারপতি দেবাংশু বসাক। তারপরই সরকারি আইনজীবী দেবাশিস রায় বলেন, "উনি জেল কর্তৃপক্ষকে চিঠি লিখেছিলেন। জানানো হয়েছে অভিযুক্ত ওনাকে রাখতে চাইছেন না। আইনজীবী যশ তখন বিচারপতিকে বলেন, অভিযুক্ত অনেক কিছু বলতে চাইছে। কিন্তু বলতে দেওয়া হচ্ছে না। বিচারপতি তখন আইনজীবী যশকে বলেন,কিন্তু যেখানে আপনাকে অভিযুক্তই রাখতে চাইছেন না। সেখানে কী থাকে আর...." বিচারপতি স্পষ্ট করে দেন, নতুনভাবে আইনি লড়াইয়ে যাঁরা আসতে চাইছিলেন, সেটা গ্রাহ্য হচ্ছে না।

## সম্পাদকীয়

# চাকরি বাতিল মামলায় 'ফ্রেশ রিক্রুটের' দাবি

তাহলে ফ্রেশ রিক্রুট করো। সেটা নিয়ে বিচারপতিদের ধারণা ছিল, ফ্রেশ রিক্রুটি মানে আবার সবাইকে ডাকবে। সেটা ক্ল্যারিফাই করলাম।' SSC-র ২৬ হাজার চাকরি বাতিল মামলায় এদিন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্না এবং বিচারপতি সঞ্জয় কুমারের বেঞ্চে শুনানি পর্ব শেষে এমনই জানালেন আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য।এদিকে ৬ বছর শিক্ষকতা করার পর এই দাবি ওঠায়, এনিয়ে কড়া প্রতিক্রিয়া দিয়েছেন শিক্ষকরা তথা ওই প্যানেলে চাকরিপ্রাপকরা। এ প্রসঙ্গে এক শিক্ষিকা বলেন, "নতুন করে পরীক্ষা দেওয়ার কোনও জায়গা নেই। কারণ, আমরা একটা পরীক্ষা পদ্ধতির মধ্যে দিয়ে পাস করে নিযুক্ত হয়েছি। তার পরেও যে বিভিন্ন ভেরিফিকেশন হয়েছে, সেখানেও ডকুমেন্ট দিয়েছি। এমনকী সিবিআই ভেরিফিকেশনেও ডকুমেন্ট দিয়েছি। সেক্ষেত্রে পরীক্ষায় বসার কোনও প্রশ্নই নেই। যিনি নতুন করে পরীক্ষায় বসার কথা বলেছেন অর্থাৎ আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্যর প্রতি আমার প্রশ্ন, তাঁকে নতুন করে মাধ্যমিক পরীক্ষা দিতে বললে তিনি কি পাস করতে পারবেন ?" অপর এক শিক্ষিকা বলেন, "তাঁর সময় যে এরকম দুর্নীতি হয়নি, সেটারই বা কী প্রমাণ রয়েছে। তখন যে দুর্নীতি হয়নি তা তো আমরা কেউ দেখতে যাইনি। তিনি যে কোনও দুর্নীতির মাধ্যমে এ জায়গায় পৌঁছায়নি এনিয়ে আমাদের কাছেও কোনও প্রমাণ নেই।" অপর আরও এক শিক্ষিকা বলেন, "উনি রি-এক্সামিনেশনের কথা বলছেন, উনি দাবি রাখতেই পারেন। কিন্তু, আমাদের এখানে বক্তব্য, এই দাবিটা তাঁদের ক্ষেত্রে রাখা হোক যাঁরা বেআইনি ক্যান্ডিডেট। যাঁরা বেআইনিভাবে নিযুক্ত হয়েছেন। তাঁদের তো শনাক্ত করা হয়েছে।"তাঁর বক্তব্য, "সমস্ত নিয়োগটাই বেআইনি। মেরিট-ডিমেরিটের প্রশ্ন আসে না। তাহলে ফ্রেশ রিক্রুট করো। সেটা নিয়ে বিচারপতিদের ধারণা ছিল, ফ্রেশ রিক্রুটি মানে আবার সবাইকে ডাকবে। সেটা ক্ল্যারিফাই করলাম। সবাইকে কেন ? যাঁরা তখন অ্যাপিয়ার করেছিলেন, তাঁদেরই আবার চান্স দেওয়া হোক। তাঁরা ফ্রেশ পরীক্ষা দিয়ে আসবেন। তার জন্য যদি বয়সটা কোনও বাধা হয়, সেটাকে খণ্ডন করে দাও। সেগ্রিগেশন সম্ভব নয়। সমস্ত প্রক্রিয়াটাই বেআইনি হয়েছে। যখন কোনও প্রক্রিয়া বেআইনি হয়, সেখান থেকে ভালো-মন্দ বাছা যায় না। এটা আমাদের দুর্ভাগ্য যে কিছু ভালো ছেলে-মেয়ে হয়ত ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন যদি বিচারপতিরা আমাদের সঙ্গে থাকেন, তাহলে যাতে ফ্রেশ এঁরাই সিলেক্ট হয়ে আসতে পারেন, সেজন্যই বক্তব্য রেখেছি।"তাঁর সংযোজন, "প্রাতিষ্ঠানিক দুর্নীতি এই জন্যই, দুর্নীতিটা হয়েছে মূলত সরকার এবং এসএসসির মদতে। সুপ্রিম কোর্টকে সবাইকে ব্যাখ্যা করে দেখেছি। তা নাহলে হঠাৎ করে সুপার নিউমারারি পোস্ট তৈরি করবে কেন ? সুপার নিউমিরারি পোস্ট তৈরি করছে, বেআইনি নিযুক্তদের বাঁচানোর জন্য। তাহেল যাদের দিয়ে অপরাধ করেছে, তাদের তো বাঁচাতেই হবে। তা নাহলে কোনও সরকার কখনো বেআইনি নিযুক্তদের বাঁচানোর চেষ্টা করে ? যে পদ্ধতিতে সিলেকশন হয়েছে সবটাই একটা বেআইনি কার্যক্রমের মধ্যে পড়ে। সেজন্য বলেছি, এটা প্রাতিষ্ঠানিক দুর্নীতি।"

# আদিশক্তি





**মৃত্যুঞ্জয় সরদার**

**(একুশতম পর্ব)**

প্রস্তরময় সতীঅঙ্গ যত্ন সহকারে সেখানে রেখে প্রতিদিন সেই নির্জন বনে এসে কালীমূর্তি ও নকুলেশ্বরের পূজো করতেন। ক্রমে ক্রমে এই জায়গার স্থান মাহাত্ম জনসমাজে ছড়িয়ে পড়ল।

বাংলাদেশে বারো ভুঁইয়ার সময় থেকে কালী পূজোর প্রচলন বেড়ে যায়। এই সময় থেকেই কালীঘাট তীর্থস্থান হিসেবে আত্মপ্রকাশ করতে থাকে। সাবর্ণ বংশীয় কামদেব ব্রহ্মচারী যিনি মহারাজ মানসিংহের গুরু ছিলেন ও বড়িশার সাবর্ণ রায়চৌধুরীদের আদিপুরুষ, তাঁর কালীঘাটের বাসস্থান ছিল ‘ফকিরডাঙ্গায়’।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# নতুন ন্যানো-ফর্মুলেশন পার্কিনসন রোগীদের নিরাপদ চিকিৎসা হয়ে উঠতে পারে

**নয়াদিল্লি, ২৭ জানুয়ারি , ২০২৫**

গবেষকরা লক্ষ্যভিত্তিক ন্যানো-ফর্মুলেশনের পথ তৈরি করেছে, যা ১৭ বিটা-এসট্রাডিওল নামক এক হরমোনের সুস্থায়ী নির্গমণের মাধ্যমে পার্কিনসন রোগের চিকিৎসায় সম্ভাবনাময় পথ দেখাচ্ছে।

মানুষের মস্তিষ্কে ১৭ বিটা-এসট্রাডিওল ভারসাম্যের অভাবে পার্কিনসন রোগের মতো বিভিন্ন নার্ভ ঘটিত মানসিক ব্যাধির কারণ হয়ে দেখা দেয়। পার্কিনসন রোগের থেরাপির ক্ষেত্রে ই২-র ব্যবহারে পার্শ্বপ্রতিক্রিয়া এবং আণবিক প্রক্রিয়া প্রকৃত বুঝে ওঠার অভাব নার্ভ ঘটিত চিকিৎসা থেরাপির সম্ভাবনার পথে বাধা হয়ে দাঁড়ায়।

বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের স্বশাসিত সংস্থা মোহলি স্থিত ইন্সটিটিউট অফ ন্যানো সায়েন্স অ্যান্ড টেকনোলজির বিজ্ঞানীরা ডি৩ (ডিআরডি৩) ডোপামিন রিয়াক্টরের ব্যবহারে ১৭ বিটা-এসট্রাডিওল নিবিড় চিটোসান ন্যানো পার্টিক্যাল ব্যবহার করে মস্তিস্কে ১৭ বিটা- এসট্রাডিওল সুস্থায়ী নির্গমণের পথ তৈরি করে।

এই লক্ষ্য ভিত্তিক ন্যানো ফর্মুলেশন ক্যালপাইনের মাইটোকন্ড্রিয়ার স্থানচ্যুতিতে বাধা দেয়, যার ফলে নার্ভকে রোটেনোন নির্গত মাইটোকন্ড্রিয়ার ক্ষতির হাত থেকে রক্ষা করে। এছাড়াও এই লক্ষ্যভিত্তিক ন্যানো প্রযুক্তির ব্যবহার প্রতিবন্ধকতাকে দূর করে। এছাড়াও এই সমীক্ষায় এই প্রথম প্রকাশ পেয়েছে পিআরসি১ জটের সদস্য

এরপর ৫ পাতায়

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

শিব ও শক্তির এই সব যুগ্মমূর্তির পিছনে সে কালের তন্ত্রচর্চার প্রভাব দেখেছেন কেউ কেউ। সে যাই হোক, শিব ও পার্বতীর পারিবারিক রূপ যে ভাবে পরে বাঙালির সমাজ সংস্কৃতির অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে উঠল, তার সূত্র কিছুটা হলেও যে এর মধ্যে থেকে গিয়েছে, সন্দেহ নেই।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

(১ম পাতার পর)

# মমতার চ্যালেঞ্জ গ্রহণ করে রাজনীতিতে আসার পথে কার্তিক মহারাজ,

তৃণমূল প্রার্থীর। ফের একবার কি তেমনই কোনও পরিণতি অপেক্ষা করে রয়েছে তৃণমূলের জন্য?রবিবার এক সাক্ষাৎকারে তিনি স্পষ্ট করেছেন, পশ্চিমবঙ্গে সন্ন্যাসীদের রাজনীতিতে আসার সময় হয়েছে। তবে কি আসন্ন নির্বাচনে বিজেপির পতাকা হাতে ময়দানে দেখা যাবে তাঁকে? এব্যাপারে অবশ্য এখনই কিছু বলতে নারাজ তিনি।

রবিবার কার্তিক মহারাজ বলেন, 'সন্ন্যাসীদের অনেকে পিছন থেকে রাজনীতি করছেন। রাজনীতি হল সব থেকে বড় নীতি। কিন্তু এখন রাজনীতি নোংরা হয়ে গিয়েছে। একজন বলছেন আমরা ৭০ শতাংশ। বাকিদের কেটে ভাগীরথিতে ভাসিয়ে দেব। একজন বলছেন সংখ্যা বাড়াও। সনাতনীদের রক্ষা করার জন্য সন্ন্যাসীদের রাজনীতিতে আসার সময় হয়েছে। তবে যে দল দেশের সংবিধান রক্ষা করবে, সনাতনীদের পাশে দাঁড়াবে, আমি তাদের পাশে থাকব।' কার্তিক মহারাজের কথায় স্পষ্ট, বিজেপির দিকেই ইঙ্গিত করছেন তিনি। ২০২১ সালের ২০ মে লোকসভা ভোটের প্রচারে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, 'মুর্শিদাবাদের রেজিনগরে যে জায়গায় ভোটের ২ দিন আগে দাঙ্গা হয়েছিল সেখানে ওঁর আশ্রম। উনি আশ্রম চালান আমার কোনও আপত্তি নেই। কিন্তু আমি যখন জিজ্ঞাসা করেছিলাম ওখানে ইলেকশন এজেন্ট নেই কেন? তখন আমাকে বলা হল, কার্তিক মহারাজ বলে দিয়েছেন তৃণমূলের এজেন্টকে আমরা বসতে দেব না। ওখানে ছানার ব্যবসায়ী কিছু লোককে খেপানো হয়েছে। খবর আমিও রাখি। এলাকায় এলাকায় গিয়ে ধর্মের নামে আপনি বিজেপি করে বেড়ান। আমি বলছ আপনি বিজেপি করুন কিন্তু বিজেপির চিহ্নটা বুকে লাগিয়ে করুন। লুকিয়ে লুকিয়ে কেন? তাই আমি বলেছি, আমি যেটা বলি সেটা বিনা প্রমাণ বলি না। আমাদের রাজ্য বাংলা সেখানে তৃণমূল কংগ্রেসের এজেন্টকে বসতে দেওয়া হবে না! ভোটের ২ দিন আগে দাঙ্গা করিয়ে দেবে, তাদের আমি ছেড়ে দেব?'

(৪ পাতার পর)

# নতুন ন্যানো-ফর্মুলেশন পার্কিনসন রোগীদের নিরাপদ চিকিৎসা হয়ে উঠতে পারে

বিএম১১ মাইটোকন্ড্রিয়ার হেমোস্টেসিস-এর পরিচালন ঘটায়, যা ক্যালপাইনের একটি স্তর। ক্যালপাইনের মাধ্যমে ক্ষতিকারক প্রভাবের দিকটিতে বাধা তৈরি করে লক্ষ্য ভিত্তিক ন্যানো ফর্মুলেশন বিএম১১-এর পুনঃস্থাপন করে।

এই সমীক্ষায় পার্কিনসন রোগীদের অক্সিডেটিভ স্ট্রেস নিয়ন্ত্রণে ই২ হরমোনের ভূমিকা বুঝতে কার্বোহাইড্রেট পলিমার সাহায্য করে। দীর্ঘস্থায়ী নিরাপদ চিকিৎসা এবং উন্নত লক্ষ্যভিত্তিক সুস্থায়ী চিকিৎসার ক্ষেত্রে এর আরও অনুসন্ধান কাজে লাগবে। পার্কিনসন রোগীদের জীবনধারণের স্বাচ্ছন্দ্য বিধানে তা নিরাপদ ওষুধ হিসেবে কাজ করতে পারে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# সামুদ্রিক মৈত্রী বৃদ্ধি – ভারতীয় নৌ বাহিনী স্বাগত জানিয়েছে ইন্দোনেশিয়ার নৌ বাহিনীর প্রতিনিধি দলকে

**নতুন দিল্লি, ২৭ জানুয়ারি, ২০২৫**

২০২৫-এর সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে প্রধান অতিথি প্রেসিডেন্ট প্রাবোবো সুবিয়ান্তর সঙ্গী উচ্চস্তরের প্রতিনিধি দলের অঙ্গ হিসেবে সরকারিভাবে ভারত সফর করছেন ইন্দোনেশিয়ার নৌ বাহিনীর প্রধান অ্যাডমিরাল মহম্মদ আলি। এই সফরে অ্যাডমিরাল মহম্মদ আলি এবং নৌ বাহিনীর প্রধান অ্যাডমিরাল দিনেশ কে ত্রিপাঠী দ্বিপাক্ষিক আলোচনা করলেন জলপথে সহযোগিতা বৃদ্ধি এবং দুই সামুদ্রিক প্রতিবেশীর মধ্যে মৈত্রী জোরালো করতে।

দুই নৌ বাহিনীর প্রধানের মধ্যে আলোচনা হল প্রধানত 'সমুদ্র শক্তি' মহড়ার মতো যৌথ উদ্যোগ বৃদ্ধি, কার্যকরী সহযোগিতা শক্তিশালী করা এবং জলদস্যু ও সমুদ্রে অন্যান্য বেআইনি কার্যকলাপ সহ সমুদ্র পথে দুই দেশের যৌথ সমস্যার মোকাবিলা করা নিয়ে।

এই সফরে আরও যা হয়েছে, তা হল ইনফরমেশন ফিউশন সেন্টার – ইন্ডিয়ান ওশান রিজিয়ান (আইএফসি-আইওআর) এবং ওয়েপনস অ্যান্ড ইলেকট্রনিক্স সিস্টেমস অ্যান্ড ইঞ্জিনিয়ারিং এস্টাব্লিশমেন্ট (ডাব্লুইএসইই)-এর মতো গুরুত্বপূর্ণ সমুদ্র সংক্রান্ত সংস্থার মধ্যে যোগাযোগ যেখানে জোর দেওয়া হবে আঞ্চলিক সহযোগিতা এবং জলপথ এলাকায় সচেতনতা বৃদ্ধির উপর। অ্যাডমিরাল মহম্মদ আলি ব্রাহ্মোস এরোস্পেস প্রাইভেট লিমিটেড (বিএপিএল) পরিদর্শনও করেন এবং প্রতিরক্ষা ও রণকৌশলগত ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও বাড়ানো নিয়ে মত বিনিময় করেন।

অ্যাডমিরাল মহম্মদ আলির সঙ্গে ভারতীয় নৌ বাহিনী এবং প্রতিরক্ষা সংক্রান্ত পক্ষগুলির যোগাযোগে আঞ্চলিক সহযোগিতার পৃষ্ঠপোষকতা এবং নিরাপদ ও শান্তিপূর্ণ সমুদ্র পথ সুনিশ্চিত করতে দুই দেশের দায়বদ্ধতা প্রতিফলিত হয়।

# দুই বছরের মধ্যে দিল্লিকে ‘বাংলাদেশি’ মুক্ত করব: অমিত শাহ

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**



আগামী দুই বছরের মধ্যে ভারতের রাজধানী দিল্লিকে ‘বাংলাদেশি’ মুক্ত করার হুঁশিয়ারি দিলেন দেশটির কেন্দ্রীয় সরকারের প্রধান শরিক দল ভারতীয় জনতা পার্টির (বিজেপি) নেতা অমিত শাহ।

উল্লেখ্য, কয়েকদিন পরেই দিল্লিতে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হবে। আগামী মাসের প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হতে যাওয়া এই নির্বাচনে মূল লড়াই হতে চলেছে রাজ্যটির বর্তমান ক্ষমতাসীন দল আম আদমি পার্টির (আপ) সঙ্গে কেন্দ্রীয় সরকারে ক্ষমতাসীন বিজেপির।

এই নির্বাচনকে ঘিরেই সরগরম হয়ে উঠেছে দিল্লির রাজনীতি। এমতাবস্থায় নির্বাচনে বিজেপি জিতলে আগামী দুই বছরের মধ্যে দিল্লিকে ‘বাংলাদেশি’ মুক্ত করার ঘোষণা দিয়েছেন দেশটির কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

এছাড়া নির্বাচনকে ঘিরে বিজেপি ইতোমধ্যেই অভিযোগ করেছে, অবৈধ বাংলাদেশি এবং রোহিঙ্গাদের ভোটের ভিত্তিতে এতদিন নির্বাচনে জিতেছে আম আদমি পার্টি।

ভারতীয় সংবাদমাধ্যম বলছে, ভোটের আগে উত্তপ্ত হয়ে উঠেছে দিল্লির রাজনীতি। রবিবার ভারতের প্রজাতন্ত্র দিবস থাকলেও এদিন নির্বাচনের প্রচার বাদ দেননি নেতারা। ভোটের প্রচারে অংশ নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ রবিবার রাজ্যটির ক্ষমতাসীন দল আম আদমি পার্টিকে (আপ) “অবৈধ আমদানিওয়ালি পার্টি” (অবৈধ আয়ের দল) হিসেবে আখ্যা দেন।

তার অভিযোগ, দিল্লিতে ১০ বছরের শাসনকালে অরবিন্দ কেজরিওয়াল ভোট পাওয়ার জন্য মিথ্যা প্রচার এবং দুর্নীতিতে লিপ্ত হওয়া ছাড়া আর কিছুই করেননি। এদিন দিল্লির নরেলা বিধানসভা আসনে নির্বাচনী জনসভায় বক্তব্য রাখতে গিয়ে জনগণকে আম আদমি পার্টিকে ক্ষমতা থেকে উৎখাত করে তাদের ‘দুঃশাসন’ শেষ করার আহ্বান জানান অমিত শাহ।

তিনি বলেন, “বিজেপি তার সমস্ত নির্বাচনী প্রতিশ্রুতি পূরণ করবে। দিল্লিকে বিশ্বের এক নম্বর রাজধানী করবে। আগামী মাসের নির্বাচনে যদি বিজেপি জয়ী হয়, তাহলে দিল্লিকে অবৈধ বাংলাদেশি অভিবাসী এবং রোহিঙ্গাদের হাত থেকে মুক্ত করবে।”

এর আগে গত শনিবার এক জনসভায় অমিত শাহ দাবি করেছিলেন, আম আদমি সরকার তাদের নিয়ন্ত্রণাধীন জেলা প্রশাসনের সহায়তায় অবৈধ বাংলাদেশি এবং রোহিঙ্গাদের আশ্রয় দিচ্ছে। আর রবিবার তিনি বলেন, “কেজরিওয়াল কেবল ভোট পাওয়ার জন্য মিথ্যা কথা বলেছেন। আপ মানে ‘অবৈধ আমদানিওয়ালি পার্টি’।”

ভারতের এই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী আরও অভিযোগ করেন, কেজরিওয়ালের নেতৃত্বে আপ সরকার কেবল জনগণকে মিথ্যা বলেছে এবং দুর্নীতি করে গেছে। তার কথায়, “পুরো দিল্লি আজ নোংরা পানি সরবরাহ এবং জলাবদ্ধতার সঙ্গে লড়াই করছে। স্কুলগুলো শেষ হয়ে গেছে। হাসপাতালে পর্যাপ্ত সুযোগ-সুবিধা নেই।”

অমিত শাহ আরও বলেন, “আমি আপনাদের প্রতিশ্রুতি দিচ্ছি, আপনারা বিজেপিকে জয়ী করেন এবং দুই বছরের মধ্যে আমরা দিল্লিকে অবৈধ বাংলাদেশি ও রোহিঙ্গাদের হাত থেকে মুক্ত করব। দিল্লিতে আপের শাসনকালে কোটি কোটি টাকার কেলেঙ্কারি হয়েছে। রাজ্যের সাবেক শিক্ষামন্ত্রী মণীশ সিসোদিয়া স্কুল, মন্দির এবং গুরুদ্বারগুলোর কাছে মদের দোকান খুলে তরুণ প্রজন্মকে নষ্ট করার পাশাপাশি কোটি কোটি টাকার দুর্নীতিতে লিপ্ত হয়েছেন।”

প্রসঙ্গত, ৭০ আসনের দিল্লি বিধানসভায় আগামী ৫ ফেব্রুয়ারি ভোটগ্রহণ হবে। আর ফলাফল প্রকাশ করা হবে আগামী ৮ ফেব্রুয়ারি।

## মহাকুম্ভ ২০২৫: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রকের এলআইএফই প্যাভিলিয়ন প্রয়াগরাজে পরিবেশবান্ধব জীবন-যাপন সম্পর্কে সচেতনতা তৈরি করে

**নতুনদিল্লি ২৭ জানুয়ারী ২০২৫**

প্রয়াগরাজে মহাকুম্ভ ২০২৫-এর সমবেত জনগণের মধ্যে পরিবেশবান্ধব জীবন-যাপন সম্পর্কে সচেতনতা তৈরি করতে ১৩ থেকে ১৫ জানুয়ারি ২০২৫-এর মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়রক মন্ত্রক একটি প্যাভিলিয়ন স্থাপন করে। মহাকুম্ভ মেলায় যোগদানকারী দর্শনার্থীদের সুসংহত জীবন-যাপনের নানা দিক সম্পর্কে সচেতন করে।

মহাকুম্ভ ২০২৫-এ পরিবেশের জন্য জীবন-যাপন প্যাভিলিয়নটি মিশন এলআইএফই-র সঙ্গে সাযুজ্য রেখে তৈরি করা হয়েছে। সেলফি তোলার একটি স্থানও এই প্যাভিলিয়নে ছিল। পরিবেশবান্ধব জীবন-যাপনের জন্য দর্শনার্থীরা এখানে অঙ্গীকার গ্রহন করে।

এই প্যাভিলিয়নের অন্যতম আকর্ষণ ছিল ডলফিন প্রদর্শনী। দর্শনার্থীদের বিভিন্ন খেলার মাধ্যমে নদীতে থাকা ডলফিন সম্পর্কে সচেতনতা বাড়ানো হয়। পাশাপাশি নদীর বাস্তুতন্ত্র রক্ষায় যে সচেতনতা প্রয়োজন সেবিষয়েও জোর দেওয়া হয়।

## লালকেল্লায় পর্যটন মন্ত্রকের ৬ দিন ব্যাপী বিশেষ ‘ভারত পর্ব’ অনুষ্ঠান

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানের অংশ হিসেবে প্রতিবছর নতুন দিল্লির লালকেল্লায় ২৬ থেকে ৩১ জানুয়ারি পর্যন্ত ভারত পর্বের আয়োজন করা হয়। ২০১৬ সাল থেকে বার্ষিক এই অনুষ্ঠান আয়োজিত হচ্ছে। পর্যটন মন্ত্রক আয়োজিত এই অনুষ্ঠানটি লালকেল্লার মাঠে ও এর সামনে জ্ঞান পথে আয়োজিত হয়।

ভারত পর্ব ২০২৫-এ সাধারণতন্ত্র দিবসের অনুষ্ঠানের বিভিন্ন জিনিস সাজানো রয়েছে। থাকছে সশস্ত্র বাহিনীর ব্যান্ডের পরিবেশনা। এছাড়াও বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলি থেকে আসা নানা দলের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান। ভারতের বিভিন্ন প্রান্তে খাওয়া দাওয়া ও কারু শিল্পের প্রদর্শনীও থাকছে। এছাড়া, বিভিন্ন রাজ্য সরকার ও কেন্দ্রীয় মন্ত্রকের প্যাভিলিয়নও এখানে থাকছে।

এবারের মূল ভাবনা ‘দেখো আপনা দেশ’ বা দেখুন নিজের দেশ। এই অনুষ্ঠানটি নাগরিকদের জনগণের পছন্দের ভোট এই পর্বে অংশ নিতে উৎসাহিত করবে। এছাড়াও দেশের বিভিন্ন পর্যটন ক্ষেত্রগুলি সম্পর্কে জনগণকে যথাযথ তথ্য প্রদান করবে। নীচের কিউআর কোডটি স্ক্যান করে বা এই https://bit.ly/DADPC সাইটটি ঘুরে দেখে ভোট দেওয়া যাবে।

ভারত পর্ব ২০২৫-এর উল্লেখযোগ্য বিষয়গুলি:-

৬ দিনের এই অনুষ্ঠানে থাকছে ৫৯টি খাবারের দোকান, ৭০টি হস্তশিল্প ও কারু শিল্পের দোকান। এরমধ্যে তিহার জেলে তৈরি বিভিন্ন হস্তশিল্প সামগ্রীও থাকবে। ৩৪টি রাজ্যের পর্যটন প্যাভলিয়ন ও ২৪টি কেন্দ্রীয় মন্ত্রকের স্টল থাকছে এখানে। এছাড়া, ক্যুইজ, নাটক, চিত্র প্রদর্শনী সহ বিভিন্ন কর্মসূচির জন্যও আলাদা স্থান থাকছে।

ভারত পর্ব ২০২৫ ২৬ জানুয়ারি বিকেল ৫-টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা।

২৭ থেকে ৩১ জানুয়ারি বেলা ১২-টা থেকে রাত ৯-টা পর্যন্ত ভারত পর্ব ঘুরে দেখা যাবে। এই অনুষ্ঠানে বিনা মূল্যে প্রবেশ করা যাবে।

# সিনেমার খবর

## মেয়েকে কোন মূল্যবোধে গড়ে তুলতে চান অভিষেক



অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রায় ও আরাধ্যা।

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

লিউডের তারকা দম্পতি অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রায় বচ্চনের বিচ্ছেদ নিয়ে প্রায় এক বছর ধরে জল্পনার শেষ নেই। এর মাঝে কেমন রয়েছে তাদের একমাত্র কন্যা আরাধ্যা, কীভাবে তার দেখাশোনা করেন বচ্চন পরিবার- এমন প্রশ্ন ওঠে বার বার।

আরাধ্যার বয়স মাত্র ১৩ বছর। গত এক বছরে বেশিরভাগ সময়ই কিশোরী আরাধ্যাকে দেখা গিয়েছে তার মায়ের সঙ্গে। একদিকে বলিউডের শাহেনশাহ অমিতাভ বচ্চনের নাতনি, অন্যদিকে প্রাক্তন বিশ্বসুন্দরীর কন্যা- এ দুইয়ে মিলে আরাধ্যার উপর প্রত্যাশার চাপ একটু বেশিই।

এবার মেয়েকে নিয়ে সংবাদমাধ্যমে মুখ খুললেন বাবা অভিষেক বচ্চন। সম্প্রতি এক সাক্ষাৎকারে অভিষেক জানান, তিনি যা শিখেছেন সবই তার বাবা-মায়ের কাছ থেকে। সব সময় যে বলে বলে শেখানো হয়েছে তা নয় বরং তাদের জীবন থেকেই তিনি শিখেছেন। নিজের মেয়ের মধ্যেও সেই মূল্যবোধ গড়ে দিতে চান অভিনেতা।

তিনি বলেন, 'আমি আসলে কে, এই খোঁজ করতে করতেই জীবন কেটে যায়। কিন্তু এই সময় কিছু মূল্যবোধ থাকা প্রয়োজন। আর যদি কেউ এই মূল্যবোধের জন্য আপনাকে মনে রাখে, এই মূল্যবোধ যদি আপনার পরিচিতি হয়ে ওঠে, তাহলে বুঝতে হবে আপনার জীবন সফল। আমি এই শিক্ষায় বড় হয়েছি। আশা করি, আমিও আমার মেয়েকে এমন শিক্ষাই দিতে পারব।'

সব সময় অভিভাবকেরাই যে সেরা শিক্ষক হয়ে উঠবেন সেটাও মনে করেন না অভিষেক। তার কথায়, 'আমি মনে করি না বাবা-মা সব সময় সেরা শিক্ষক হয়ে উঠবেন। সন্তানের ক্ষেত্রে আমাদের আবেগ অনেক সময়ই আমাদের ধ্যানধারণার দ্বারা প্রভাবিত হয়। আমার মনে হয় অভিভাবকেরা দৃষ্টান্ত স্থাপন করে শিক্ষা দিতে পারেন।'

৮২ বছর বয়সেও সকাল ৭টায় শুটিং শুরু করেন অমিতাভ বচ্চন। সেই উদ্দীপনা থেকে নিজেকে বাবার জায়গায় দেখতে চান অভিষেক। সে কথা স্পষ্টই জানিয়ে অভিষেক জানান, বয়স যখন ৮২ হবে তখন তার মেয়েও যেন একইভাবে তাকে নিয়ে গর্ব বোধ করতে পারে।

## শ্যুটিং স্পটে ছাদ ভেঙে পড়ল অর্জুন কাপুরের উপর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউডে ঘটে যাচ্ছে একের পর এক যত অঘটন-অঘটন! সম্প্রতি নায়ক সাইফ আলি খানের ওপর ছুরিকাঘাতের ঘটনায় স্তব্ধ পুরো বলিউড। এরই মধ্যে জানা গেল, এক শ্যুটিং স্পটে ছাদ ভেঙে পড়ে অভিনেতা অর্জুন কাপুরের ওপর। ফলে অল্পের জন্য বেঁচে যান অর্জুন ও তার সহকর্মীরা। ভারতীয় গণমাধ্যমের খবর, মুম্বাইয়ের রয়্যাল পামসের ইম্পেরিয়াল প্যালেসে আসন্ন ছবি 'মেরে হাজব্যান্ড কি বিবি'র একটি গানের দৃশ্য শ্যুট করছিলেন অর্জুন কাপুর। তখনই অর্জুন কাপুরের মাথায় ভেঙে পড়ে ছাদের একটি অংশ। এ সময় অর্জুন কাপুরের সঙ্গে তার সহ-অভিনেতা জ্যাকি ভাগনানি এবং পরিচালক মুদাস্সির আজিজও ছিলেন। তারা সকলে কেমন রয়েছেন, সেটা যদিও জানা যায়নি এখনও।


তাদের টিমের কোরিওগ্রাফার বিজয় গাঙ্গুলি বলেন, 'আমার চোখ তখন মনিটরে। আচমকাই দেখি ছাদ ভেঙে পড়ল চোখের সামনে। ঈশ্বরের কৃপায় পুরো ছাদটা ভেঙে পড়েনি আমাদের মাথার ওপর। তাহলে আরও বড়সড় বিপদ ঘটতে পারত।' বিজয় আরও বলেন, 'এই ধরনের বাড়িগুলোকে আমরা প্রায়ই লোকেশন হিসেবে ব্যবহার করি। এটাও ভাবি যে, প্রযোজনা সংস্থার পক্ষ থেকে অন্তত সমস্ত সুরক্ষা নিশ্চিত করা হবে।'

## সাইফকে নিয়ে সমবেদনা, তবুও যে কারণে কটাক্ষের শিকার শত্রুঘ্ন সিনহা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউডের বর্ষীয়ান অভিনেতা শত্রুঘ্ন সিনহা এক্স হ্যান্ডেলে সাইফ আলী খানের ওপর হামলার ঘটনায় সমবেদনা জানিয়ে এক পোস্ট দিয়েছিলেন। এ ঘটনায় সাইফ-কারিনার ছবি শেয়ার করে নেটিজেনদের কটাক্ষের শিকার হয়েছেন শত্রুঘ্ন সিনহা।

এক্স হ্যান্ডেলে সমবেদনা জানিয়ে সিনহা লিখেছিলেন, 'যা হয়েছে তা খুবই দুর্ভাগ্যজনক। আমাদের খুব কাছের ও প্রিয় মানুষ সাইফের সঙ্গে এমন একটা ঘটনা ঘটবে ভাবা যায় না। তবে আশার কথা, ও দ্রুত সেরে উঠছে। আমার সমবেদনা রইল রাজ কাপুরের নাতিনী কারিনার প্রতি।'



শত্রুঘ্ন এই পোস্টের শেষে সংযোজন করেন, 'এই সময় একে অপরকে দোষারোপ করা বন্ধ করুন। মুম্বাই পুলিশ তাদের কাজ করছে। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফডণবীস যথেষ্ট চিন্তিত এমন ঘটনায়। অহেতুক জল ঘোলা করবে না।'

এদিকে অভিনেতা এআই দ্বারা নির্মিত সাইফ-কারিনার ছবি পোস্ট করেছেন। ছবিতে দেখা যায়, হাসপাতালের বিছানায় শুয়ে আছেন সাইফ। শেয়ার করা ছবি নিয়ে নেটিজেনরা বেশ কটাক্ষ করেছেন। তাদের দাবি, 'এমন নকল ছবি দায়িত্বজ্ঞানহীনের মতো পোস্ট করেন কীভাবে?' যদিও এ প্রসঙ্গে এখনও পালটা কোনও মন্তব্য করেননি অভিনেতা।

প্রসঙ্গত, বুধবার রাতে সাইফের ওপর হামলা হয়। হামলাকারী সাইফকে ছুরি দিয়ে একাধিক বার আঘাত করেন। গুরুতর জখম অবস্থায় অভিনেতাকে হাসপাতালে ভর্তি করানো হয়। মুম্বইয়ের লীলাবতী হাসপাতালে তিনি চিকিৎসাধীন রয়েছেন।

# কোলাসোর দুর্দান্ত গোলে মোহনবাগানের জয়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



সোম সন্ধ্যায় যুবভারতী ক্রীড়াঙ্গনে, আইএসএলের দ্বিতীয় লেগের ম্যাচে বেঙ্গালুরু এফসি-র বিরুদ্ধে খেলতে নেমেছিল মোহনবাগান| খেলা শুরুর আগে মেরিনার্স বেস ক্যাম্পের পক্ষ থেকে ২৫ হাজার ৫০০ বর্গফুটের টিফো নামানো হল| সমর্থকদের দাবি এটাই বিশ্বের বৃহত্তম হ্যান্ড প্রিন্টেড টিফো!

প্রথম লেগে এই বেঙ্গালুরুর কাছেই ৩-০ গোলে হারতে হয়েছিল হোসে মোলিনার শিষ্যদের! যুবভারতী মুখিয়ে ছিল হারের জ্বালা মিটিয়ে মধুর প্রতিশোধের অপেক্ষায়! আর সেটাই হল, মোলিনার মেরিনার্স ১-০ গোলে হারিয়ে দিল জেরার্ড জারাগোজার গোলাপি বাহিনীকে|

এদিন প্রথমার্ধের লড়াইয়ে উল্লেখযোগ্য কোনও ঘটনা ছিল না সেভাবে| রাহুল ভেকে, চিংলেনসানা, নিখিল পূজারি ও নাওরেম মহেশদের রক্ষণের দুর্ভেদ্য প্রাচীরে ভেদ করা সম্ভব হয়নি গ্রেগ স্টুয়ার্ট, জেমি ম্যাকলারেন, মনবীর ও লিস্টনদের | তাঁরা চেষ্টা করেও গোলের মুখ খুলতে পারেনি| বরং প্রথমার্ধের যোগ করা সময়ে সুনীল ছেত্রীর কাছে সুযোগ চলে এসেছিল গোল করার, তবে বেঙ্গালুরুর আইকন ও জাতীয় দলের প্রাক্তন অধিনায়ক তে-কাঠিতে বল রাখতে পারেননি| দ্বিতীয়ার্ধে মোহনবাগান গোলের জন্য মরিয়া হয়ে উঠেছিল| ৭৪ মিনিটে প্রায় ৪২ হাজারের যুবভারতীকে সেলিব্রেশনে মাতিয়ে দেন লিস্টন কোলাসো| গ্রেগ স্টুয়ার্টের ক্রস থেকে রাহুল ভেকের হেড চলে যায় কোলাসোর কাছে, বাগানের গোয়ানিজ মিডফিল্ডার অসাধারণ ভলিতে বেঙ্গালুরুর জালে বল জড়িয়ে দেন| তবে উত্তেজনায় কোলাসো জার্সি খুলে হলুদ কার্ডও দেখে ফেলেন| ম্যাচের বাকি সময়ে আর স্কোরলাইনে কোনও ফারাক পড়েনি| রেফারি খেলা শেষের পর আরও পাঁচ মিনিট জুড়েছিলেন যদিও| মোহনবাগান তিন পয়েন্ট নিয়েই মাঠ ছাড়ে|

বেঙ্গালুরুর বিরুদ্ধে মাঠে নামার আগে শেষ দুই ম্যাচ ড্র করেছিল মোহনবাগান| জামশেদপুর এফসি-র বিরুদ্ধে ১-১ ড্র করার পর চেন্নাইয়িন এফসি-র সঙ্গে গোলশূন্য ড্র হয়েছিল| বেঙ্গালুরুকে হারিয়ে জয়ের সরণিতে ফিরল গতবারের লিগ শিল্ড চাম্পিয়নরা| ১৮ ম্যাচে ৪০ পয়েন্ট নিয়ে মোহনবাগান লিগের শীর্ষস্থান ধরে রাখল| নিকটতম প্রতিদ্বন্দ্বী গোয়ার থেকে সাত পয়েন্টে এগিয়ে গেল মেরিনার্স| লিগের সেকেন্ড বয় গোয়ার ঝুলিতে ১৭ ম্যাচে ৩৩ পয়েন্ট| তিনে বেঙ্গালুরু সংগ্রহে ১৮ ম্যাচে ২৮ পয়েন্ট|

## দলে আছেন, তবে চ্যাম্পিয়ন্স ট্রফিতে কি মাঠে নামতে পারবেন বুমরাহ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

চোট থেকে এখনও সেরে উঠেননি জাসপ্রিত বুমরাহ। তারপরও তাকে আগামী মাসে চ্যাম্পিয়ন্স ট্রফির জন্য ভারতীয় দলে অন্তর্ভুক্ত করা হয়েছে। তবে শেষ পর্যন্ত বুমরাহ এই টুর্নামেন্টে খেলতে পারবেন কিনা, সেটা অনিশ্চয়তায় ঘেরা।

চ্যাম্পিয়ন্স ট্রফির আগে ইংল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলবে ভারত। দলটির নির্বাচক কমিটির প্রধান অজিত আগারকার জানিয়েছেন, হর্ষিত রানা ইংল্যান্ডের বিপক্ষে ওয়ানডে সিরিজের জন্য দলে থাকবেন, কারণ তারা আশা করছে না যে বুমরাহ এই তিন ম্যাচের সিরিজে অন্তত দুটি ম্যাচে খেলবেন।

বিশ্বাসযোগ্য সূত্র থেকে জানা গেছে যে, বুমরাহ ২ ফেব্রুয়ারি স্ক্যান করাবেন এবং তার পরেই তার পরবর্তী পদক্ষেপ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়া হবে। বুমরাহকে পাঁচ সপ্তাহের জন্য বিশ্রাম নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছিল এবং চিকিৎসা দল ও টিম ম্যানেজমেন্ট ফেব্রুয়ারি মাসে আরও এক দফা স্ক্যানের পর পরিস্থিতি পরিষ্কার করবে।

অজিত আগারকার এবং অধিনায়ক রোহিত শর্মা উভয়েই বলছেন যে, তারা এখনও নিশ্চিত নন যে বুমরাহ টুর্নামেন্টে অংশগ্রহণ করবেন কিনা। ইংল্যান্ডের বিপক্ষে দ্বিতীয় ওয়ানডে ৯ ফেব্রুয়ারি এবং বুমরাহর বিষয়ে একটি গুরুত্বপূর্ণ আপডেট তখন পাওয়া যেতে পারে বলে মনে করা হচ্ছে।

চ্যাম্পিয়ন্স ট্রফির দল পরিবর্তন করতে হলে ১৩ ফেব্রুয়ারির মধ্যে পরিবর্তন করতে হবে। ১২ ফেব্রুয়ারি ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে তৃতীয় ও শেষ ওয়ানডে। ফিট হলে ওই ম্যাচে বুমরাহকে খেলানো হতে পারে। তারপরই নির্বাচকরা সিদ্ধান্ত নেবেন, বুমরাহ চ্যাম্পিয়ন্স ট্রফিতে যাবেন কিনা।

## শ্রীলঙ্কা সফরের আগে ইনজুরির কবলে স্মিথ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



স্টিভেন স্মিথ।

বিগ ব্যাশের ম্যাচে ফিল্ডিংয়ের সময় চোট পেয়েছেন স্টিভেন স্মিথ। শ্রীলঙ্কা সফরে তারকা ব্যাটসম্যানকে নিয়ে তাই জেগেছে শঙ্কা। তবে আসছে এই টেস্ট সিরিজের অধিনায়ককে পাওয়ার ব্যাপারে আশাবাদী অস্ট্রেলিয়া।

গত শুক্রবার বৃষ্টিতে ভেসে যাওয়া সিডনি ডার্বির ম্যাচে কনুইয়ে চোট পান স্মিথ। ফলে দলের সঙ্গে দুবাইয়ের অনুশীলন ক্যাম্পে এখনই যোগ দিতে পারছেন না তিনি। অপেক্ষায় আছেন বিশেষজ্ঞের পরামর্শের। ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ) বিবৃতিতে জানিয়েছে, চলতি সপ্তাহের শেষ দিকে দেশ ছাড়তে পারেন স্মিথ।

কনুইয়ের সমস্যার পুরোনো ইতিহাস আছে স্মিথের। ২০১৯ সালে একবার অস্ত্রোপচারও করাতে হয় তার। এবার পেলেন নতুন করে চোট।

শ্রীলঙ্কায় দুই টেস্টের সিরিজে অস্ট্রেলিয়াকে নেতৃত্বে দেওয়ার কথা স্মিথের। পিতৃত্বকালীন ছুটিতে আছেন দলটির নিয়মিত অধিনায়ক প্যাট কামিন্স। শেষ পর্যন্ত স্মিথ ছিটকে গেলে প্রথমবারের মতো জাতীয় দলের অধিনায়কত্ব করার পথ খুলে যেতে পারে ট্রাভিস হেডের।

গত সপ্তাহে হোবার্ট হারিকেন্সের বিপক্ষে ব্রিজবেন হিটের হয়ে খেলার সময় ডান হাতের বৃদ্ধাঙ্গুলে চোট পান ম্যাথু কুনেমান। বাঁহাতি স্পিনারের আঙুলে অস্ত্রোপচার করাতে হয়েছে। তবে এই সফরে তাকে পেতেও আশাবাদী অস্ট্রেলিয়া।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR